# নির্বাচনী পরিস্থিতি মূল্যায়নে জামায়াতের কেন্দ্রীয় বৈঠক



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে সামগ্রিক অবস্থা বিশ্লেষণ ও ভবিষ্যৎ করণীয় ঠিক করতে বৈঠকে বসেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) বিকেলে রাজধানীর মগবাজারে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এ বৈঠক শুরু হয়। সভাপতিত্ব করছেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

দলের সহকারী সেক্রেটারি জেনারেল ও মুখপাত্র এহসানুল মাহবুব জুবায়ের জানান, নির্বাচন-পরবর্তী পরিস্থিতি, মাঠপর্যায়ের তথ্য-উপাত্ত এবং রাজনৈতিক অবস্থান নিয়ে বিস্তারিত আলোচনা চলছে। বৈঠক শেষে আনুষ্ঠানিক সিদ্ধান্ত জানানো হবে।

কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্যদের পাশাপাশি ১১ দলীয় জোটভুক্ত কয়েকটি দলের নেতারাও বৈঠকে অংশ নেন। উপস্থিত ছিলেন জাতীয় নাগরিক পার্টি—এর আহ্বায়ক নাহিদ ইসলাম, বাংলাদেশ খেলাফত মজলিস—এর আমির মামুনুল হক এবং জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা)-এর সহ-সভাপতি ও মুখপাত্র রাশেদ প্রধানসহ অন্যান্যরা।

এদিকে দলের ভেরিফায়েড ফেসবুক পেজেও বৈঠকের বিষয়টি জানানো হয়েছে। বিকেল সাড়ে ৫টার দিকে দেওয়া পোস্টে নির্বাচনের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা ও পরবর্তী কর্মপন্থা নির্ধারণের কথা উল্লেখ করা হয়।

LENS ASIA